বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা- ১৩৪৩

www.bpatc.org.bd

২৫/০৯/২০১৮ তারিখে অনুষ্ঠিত ২০১৮ সনের ৫ম অনুষদ সভার কার্যবিবরণী

সভাপতি	: ড. এম আসলাম আলম, রেক্টর (সিনিয়র সচিব)
সভার তারিখ	: ২৫ সেপ্টেম্বর ২০১৮
সভার সময়	: দুপুর ০২:৩০ মি.
স্থান	: রেক্টর'স কনফারেন্স রুম, আইটিসি ভবন
উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানো হয় এবং সভার কাজ আনুষ্ঠানিকভাবে শুরু করার জন্য পরিচালক (পিপিআর)-কে অনুমতি প্রদান করা হয়।

বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ: সভার প্রথমেই বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

এরপর সভায় ধারাবাহিকভাবে দফাওয়ারি আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

বিষয়ওয়ারী সিদ্ধান্তসমূহ:

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. আরপিএটিসিসমূহের জন্য নির্ধারিত পদোন্নতিপ্রাপ্ত ৯ম গ্রেডের কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি অনুষ্ঠানের বাস্তবভিত্তিক সম্ভাব্যতা যাচাই করার বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত কোর্সটিতে প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার প্রচেষ্টা অব্যাহত রাখার উপর গুরুত্ব দেয়া হয়। নির্দিষ্ট সময় অন্তর মূল্যায়নপূর্বক কোর্সটির সংখ্যা ও মান প্রয়োজনে পুর্নঃনির্ধারণের নির্দেশনা দেয়া হয়।	১.১ বিপিএটিসি থেকে উক্ত প্রশিক্ষণের জন্য মনোনয়ন চেয়ে সম্ভাব্য সকল অধিদপ্তর/সংস্থার মহাপরিচালক/চেয়ারম্যানের কাছে পত্র প্রেরণ করতে হবে। আরপিএটিসিসমূহ সকল বিভাগীয় প্রধানের নিকট এ বিষয়ে পত্র প্রেরণ করবে। ১.২ প্রাথমিক পর্যায়ে ২টি কোর্স পরিচালনার পর পর্যাপ্ত প্রশিক্ষণার্থী না পাওয়া গেলে প্রয়োজনে কোর্সটি শুধু বিপিএটিসি ও আরপিএটিসি, ঢাকাতে আয়োজন করতে হবে। ১.৩ আরপিএটিসিসমূহের অন্যান্য কোর্সের ক্ষেত্রে নির্দিষ্ট সময়ভিত্তিক চালচিত্র মূল্যায়নপূর্বক প্রয়োজন ও চাহিদা ভিত্তিক কোর্সগুলোকে প্রাধান্য দিতে হবে। এছাড়াও নতুন প্রশিক্ষণ বর্ষপঞ্জিকা অনুযায়ী কোর্সের সংখ্যা বেড়ে যাওয়ায় প্রয়োজনে আরপিএটিসিসমূহে কেন্দ্রের উপপরিচালক, সহকারী পরিচালকদের নির্দিষ্ট সময়ভিত্তিক পদায়ন বা বদলির ব্যবস্থা করতে হবে।	পরিচালক (প্রশাসন/এসএন্ড আরসি)/ উপপরিচালক (সকল আরপিএটিসি)
২. পিপিএমসি কোর্সের বৈদেশিক শিক্ষাসফর আয়োজন সহজসাধ্য ও স্বল্পসময়ভিত্তিক করার লক্ষ্যে ভিসার প্রয়োজন হয়না এমন দেশসমূহ বাছাইকরণের গুরুত্ব দেয়া হয়। পিপিএমসি, এসএসসি ও এসিএডি কোর্সের বৈদেশিক শিক্ষা সফর সংশ্লিষ্ট মূল্যায়ন সম্পর্কে সভায় আলোচনা হয়। নির্ধারিত সময়ে যে সকল প্রশিক্ষণার্থী (পিপিএমসি, এসএসসি ও এসিএডি) Lessons Learned Workshop (LLW)-এ অংশগ্রহণ করেননি তাঁদের তালিকা প্রস্তুত করা প্রয়োজন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়কে	২.১ পিপিএমসি কোর্সের বৈদেশিক শিক্ষা সফরে ভিসার প্রয়োজন হয় না এমন দেশসমূহ বাছাইকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। ২.২ নির্ধারিত সময়ে যেসকল প্রশিক্ষণার্থী (পিপিএমসি, এসএসসি ও এসিএডি) Lessons Learned Workshop (LLW)-এ অংশগ্রহণ করেননি তাঁদের তালিকা নির্দিষ্ট সময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠাতে হবে।	পরিচালক (পিপিআর/ মূল্যায়ন)

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
অবহিত করা দরকার। এছাড়াও LLW থেকে বাদ পড়ে যাওয়া প্রশিক্ষণার্থীদের (পিপিএমসি, এসএসসি ও এসিএডি) জন্য সার্বিক মূল্যায়নকার্য অপেক্ষমাণ না রেখে তাঁদের বাদ দিয়ে ফল (Result) প্রস্তুত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	২.৩ LLW থেকে বাদ পড়ে যাওয়া প্রশিক্ষণার্থীদের জন্য মূল্যায়ন বিভাগ ফল (Result) প্রকাশ অপেক্ষমান রাখবেনা বরং তাঁদের Absent/Pending/ Incomplete দেখিয়ে কোর্সের ফল (Result) প্রস্তুত ও প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশের ব্যবস্থা করবে।	
৩. Instructional, Research and Publication ও Course Management এই তিনটি কোর এরিয়াতে অনুষদ সদস্যবৃন্দকে বিভক্তকরণপূর্বক তালিকা সুষ্ঠুভাবে প্রণয়ন ও সংরক্ষণ করার বিষয়ে আলোচনা হয়। পূর্ব প্রস্তুতকৃত তালিকায় সকল অনুষদ সদস্যবৃন্দকে অন্তর্ভুক্ত করতে হবে।	প্রস্তুতকৃত তালিকায় যে সকল অনুষদ সদস্যবৃন্দে নাম বাদ পড়েছে তা অন্তর্ভুক্ত করে নির্দিষ্ট Category অনুযায়ী তালিকাটি পুনরায় সাজাতে হবে।	পরিচালক (পিপিআর)
৪. Sustainable Development Goals (SDGs) বিষয়ে পর্যায়ক্রমিক বিবিধ সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সের আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। SDG বিষয়ে ২য় কোর্সটি (Achieving Sustainable Development Goals in Bangladesh) আয়োজনের পূর্বে ইতোমধ্যে অনুষ্ঠিত ১ম কোর্সের Feedback নিয়ে একটি Review Meeting আয়োজন করা হবে। তারপর সময়োপযোগী পরিবর্তন সাধনপূর্বক পরবর্তী কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য পত্র প্রেরণ করার বিষয়ে সভায় মত প্রদান করা হয়। অযথা সময় ক্ষেপন হ্রাসের লক্ষ্যে প্রশিক্ষণার্থী আহবানে মন্ত্রণালয়ে অনুলিপি প্রেরণপূর্বক সরাসরি অধিদপ্তরে পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার প্রভৃতি পর্যায়ের কর্মকর্তাদের আহবানের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণের নির্দেশনা দেয়া হয়।	৪.১ Sustainable Development Goals (SDGs) বিষয়ে ২য় কোর্সটি (Achieving Sustainable Development Goals in Bangladesh) আয়োজনের পূর্বে একটি Review Meeting আয়োজন করতে হবে। ৪.২ প্রশিক্ষণার্থী আহবানে মন্ত্রণালয়ে অনুলিপি প্রেরণপূর্বক সরাসরি অধিদপ্তরে পত্র প্রেরণ করতে হবে। জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার প্রভৃতি পর্যায়ের কর্মকর্তাদের আহবানের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	পরিচালক (পিপিআর)/ এসডিজি প্যানেলের সদস্যবৃন্দ
৫. কেন্দ্রের APA কার্যক্রম তত্ত্বাবধান ও APA এর লক্ষ্যমাত্রা সঠিকভাবে অর্জনের লক্ষ্যে সকল অনুবিভাগ প্রধান, পরিচালক (প্রশাসন)-সহ স্ব-স্ব বিভাগের অগ্রগতি নিয়মিতভাবে পর্যালোচনা ও তদারকির বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	APA এর লক্ষ্যমাত্রা সঠিকভাবে অর্জন ও অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে সকল অনুবিভাগ প্রধান, পরিচালক (প্রশাসন)-সহ স্ব-স্ব বিভাগ নিয়মিতভাবে পর্যালোচনা ও তদারকির করবে।	পরিচালক (প্রশাসন)/ অনুবিভাগ প্রধান (সকল)
৬. এলজিইডি (LGED) এর ৪র্থ ও ৫ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের যথাক্রমে বিপিএটিসি'র এসএসসি ও এসিএডি কোর্সে অংশগ্রহণের সুযোগ প্রদানের বিষয়টি আলোচনায় উপস্থাপিত হয়। উক্ত আলোচনার প্রেক্ষিতে কেন্দ্রে অনুষ্ঠিত সংক্ষিপ্ত কোর্সগুলোর ক্ষেত্রে বক্তা মূল্যায়ন ম্যানুয়াল পদ্ধতিতে করা যাবে মর্মে সভায় ঐকমত্য পোষণ করা হয়।	৬.১ এলজিইডি (LGED) এর ৪র্থ ও ৫ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের উক্ত প্রশিক্ষণ কোর্সসমূহে অংশগ্রহণের সুযোগ প্রদান সম্ভব করা নয়। তবে কেন্দ্রে বিভিন্ন প্রতিষ্ঠানের ৪র্থ ও ৫ম গ্রেডভুক্ত কর্মকর্তাদের সংক্ষিপ্ত কোর্স চলাকালে Resource Person বাছাইসহ সংশ্লিষ্ট কোর্স প্রশাসনকে অধিক যত্নবান হতে হবে। প্রয়োজনবোধে অতিথি বক্তা এনে মানসম্মত কোর্স পরিচালনা নিশ্চিত করতে হবে।	পরিচালক (মূল্যায়ন)/ সংশ্লিষ্ট কোর্স প্রশাসন

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	৬.২ সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সের ক্ষেত্রে অতিথি বক্তার মূল্যায়ন ম্যানুয়ালি করা যাবে।	
প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম পরিচালিত (৩০ মে ২০১৮ তারিখ) প্রশিক্ষণ প্রতিষ্ঠান: উদ্ভাবন ও পরিবর্তন বিষয়ক ৩য় সোশ্যাল মিডিয়া সংলাপের কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহেরে মধ্যে বিপিএটিসি কর্তৃক বাস্তবায়নযোগ্য বিষয়সমূহ-		
৭. বিপিএটিসি, সাভার প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের কমপক্ষে ২ জন অনুষদ সদস্যের জন্য কোর্স কারিকুলাম রিভিউ বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) প্রদান করবে।	দ্রুত এ বিষয়ে প্রস্তুতি সম্পন্ন করে পরবর্তী ToT কোর্সটি আয়োজন করতে হবে।	পরিচালক (পিপিআর)
৮. সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠান অক্টোবর/২০১৮ সময়ে কমপক্ষে একটি শর্ট কোর্স ই-লার্নিং পদ্ধতিতে চালু করবে।	পিপিআর অনুবিভাগ থেকে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানপূর্বক কোর্সটি সম্পন্ন করতে হবে। প্রাথমিক পর্যায়ে প্রযুক্তি জ্ঞানে অগ্রগণ্য অনুষদ সদস্যগণকে (১৫ জন) উক্ত কোর্সে সুযোগ প্রদান করা হবে।	পরিচালক (পিপিআর)
৯. যে সকল প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স চালু আছে সেখানে অক্টোবর/২০১৮ সময়ের মধ্যে আংশিকভাবে ই-লার্নিং পদ্ধতি চালু করবে।	বিপিএটিসি যেহেতু প্রশিক্ষণ সংশ্লিষ্ট কিছু বিষয়ে অগ্রবর্তী অবস্থায় রয়েছে সেহেতু এটুআই নির্দেশিত সকল বিষয় হুবহু বাস্তবায়নের প্রয়োজন নেই। বিপিএটিসি নিজস্ব ব্যবস্থাপনায় ই-লার্নিং পদ্ধতি (Module ব্যবহার করে) চালু করবে। এক্ষেত্রে, Open Source Software ব্যবহার করা যেতে পারে।	সিস্টেমস্ এনালিস্ট/আইটি অণুবিভাগ
১০. জনপ্রশাসন মন্ত্রণালয়, এটুআই প্রোগ্রাম ও সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠান জুলাই/২০১৮ এর মধ্যে ৩য় সংলাপের সিদ্ধান্তসমূহ অন্তর্ভূক্ত করে সমঝোতা স্মারক স্বাক্ষর করবে।	এটুআই কর্তৃক প্রেরিত খসড়া সমঝোতা স্মারকটি মূল্যায়নপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তন, পরিমার্জন, সুপারিশমালা উল্লেখপূর্বক) পরবর্তী কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট শীঘ্রই প্রেরণ করতে হবে।	পরিচালক (পিপিআর)
১১. সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে এসডিজি ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ সম্পর্কে সকল কোর্সে কমপক্ষে একটি সেশন অন্তর্ভুক্ত করবে।	মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ শিরোনামে ২ ঘন্টা সন্ধ্যাকালীন সম্প্রসারণ অধিবেশন সম্ভাব্য সকল কোর্সেই অন্তর্ভুক্ত করা হবে। দাপ্তরিক যোগাযোগের মাধ্যমে Resource Person নির্ধারণপূর্বক অধিবেশনটি পরিচালনার ব্যবস্থা নেয়া হবে।	পরিচালক (পিপিআর)/ সংশ্লিষ্ট কোর্স প্রশাসন
১২. প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে নিজস্বভাবে সেরা প্রশিক্ষক ও সেরা কোর্স কারিকুলাম/সেরা প্রশিক্ষণ কোর্স শনাক্ত করে উৎসাহ (অ্যাওয়ার্ড) প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।	কেন্দ্রের 'সেরা প্রশিক্ষক' এবং 'সেরা প্রশিক্ষণ কোর্স' শনাক্তকরণের নির্মিত্তে প্রয়োজনীয় ও বাস্তব সম্মত নির্ধারকসমূহ (Criteria) বাছাইকরণের লক্ষ্যে ৩টি সদস্য বিশিষ্ট কমিটি কাজ করবে। কমিটির সদস্যগণ নিম্নরুপ: ১। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, পরিচালক ২। ড. মোঃ মোরশেদ আলম, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ৩। জনাব মোহাম্মদ মাসুম রহমান, সহকারী প্রোগ্রামার কমিটি নির্দিষ্ট সময়ের মধ্যে পিপিআর অনুবিভাগে প্রস্তাব পেশ করবে। প্রেরিত প্রস্তাবনা কেন্দ্রের রেক্টরের অনুমোদনসাপেক্ষে পরবর্তী কার্যসূচির জন্য কার্যকরী হিসেবে বিবেচিত হবে।	পরিচালক (পিপিআর)
১৩. প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে প্রশিক্ষক বিনিময় কার্যক্রম শুরু করতে হবে। এতে অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান উপকৃত হবে।	বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিশেষত যাদের নিজস্ব অনুষদ সদস্য রয়েছে (যেমন- (BMA, Police Academy, Police Staff College, বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রভৃতি) তাদের সঙ্গে Negotiation/সমঝোতা করতে হবে- যেন প্রতিষ্ঠানেগুলো বিপিএটিসিতে বিভিন্ন বিষয়ে অধিবেশন পরিচালনার জন্য তাদের অনুষদ সদস্য প্রেরণ করে তদরুপ তাদের প্রতিষ্ঠানগুলোতেও সমসংখ্যক অধিবেশন পরিচালনার সুযোগ বিপিএটিসিকে প্রদান করে।	পরিচালক (পিপিআর)